

ELECTION 2020

Call:
1-888-API-VOTE
(274-8683)

Bilingual assistance is available in English, Mandarin (普通话/普通话),
Cantonese (廣東話/广东话), Korean (한국어), Vietnamese (Tiếng Việt),
Tagalog, Urdu (اردو), Hindi (हिन्दी), and Bengali (বাংলা).



কোভিড-১৯ ও ভোট প্রদানঃ নিরাপত্তার সর্বোত্তম অনুশীলন

(CDC-র পরামর্শ অনুযায়ী, “নির্বাচনে ভোট গ্রহণ স্থান ও ভোটারগণের বিষয়ে বিবেচনা” @ <https://www.cdc.gov/coronavirus/2019-ncov/community/election-polling-locations.html>)

আপনার বুঝতে ও বিবেচনা করতে হবে আপনার এলাকায় সহজলভ্য কী কী বিকল্প ব্যবস্থা রয়েছে যাতে করে জনসংস্পর্শ কমানো যায়, যেমন রয়েছে মেইলের মাধ্যমে ভোট প্রদান। চূড়ান্তভাবে, আপনার সিদ্ধান্ত নেয়ার অধিকার রয়েছে ভোট প্রদানে আপনার পছন্দের কোন পদ্ধতিটি আপনার জন্য বেশি কার্যকর। আপনি যদি ব্যক্তিগতভাবে ভোট দিতে মনস্থ করেন, হোক অগ্রিম ভোট অথবা নির্বাচনের দিনের ভোট, নিচে বর্ণিত সর্বোত্তম পদ্ধতিগুলো আপনাকে ভোট প্রদানের সময় নিরাপদ রাখতে সাহায্য করতে পারে।

ভিডিও এড়িয়ে চলুন

- আপনার নির্বাচনী এলাকায় যদি সহজলভ্য হয়, তাহলে অগ্রিম ভোট প্রদান করুন। [এখানে চেক করুনঃ <https://www.usvotefoundation.org/vote/state-elections/state-voting-laws-requirements.htm>]
- সম্ভব হলে, অফ-পিক সময়ে ভোট দিন, যেমন- মধ্যসকালে।
- আপনি যদি ড্রাইভ করে ভোট কেন্দ্রে যান এবং আপনার সময় আপনাকে সুযোগ দেয়, আপনার গাড়িতে বসেই ভোটার লাইন নিরীক্ষা করুন এবং যখন লাইন অপেক্ষাকৃত ছোট থাকে, তখন গিয়ে লাইনে দাঁড়ান।

নির্বাচন-কেন্দ্রে প্রস্তুতি নিয়ে আসুন

- আগে থেকেই আপনার ভোট কেন্দ্রের স্থান ও প্রয়োজনীয় দিকগুলো চেক করুন, কারণ কোভিড-১৯ এর কারণে তা ইতোমধ্যে পরিবর্তন হয়ে গিয়ে থাকতে পারে।
- ভোট কেন্দ্রে যাবার আগেই যাচাই করে নিন আপনার ভোটার রেজিস্ট্রেশন তথ্য ঠিক আছে কী না। যদি আপনি এমন কোন স্টেট-এ বাস করেন যেখানে অগ্রিম ভোট প্রদানের সময়ে কিংবা নির্বাচনের দিনে রেজিস্ট্রি করা সম্ভব, ভোট কেন্দ্রের স্থানে পৌঁছার আগেই ভোটার রেজিস্ট্রেশন ফরম পূরণ করে নিন যদি সম্ভব হয়।
- নিশ্চিত করুন যে আপনার স্টেট-এ যেসব কাগজপত্রের প্রয়োজন হয় তার সবগুলো আপনার হাতে মজুদ আছে, যেমন একটি গ্রহণযোগ্য ফটো-আইডি, নির্বাচন কেন্দ্রে যাতে সময়ক্ষেপন না করতে হয়।
- নির্বাচনের স্থানে যেন ভোট প্রদানের পদ্ধতি দ্রুত শেষ হয় তা বিবেচনা করুন কিংবা ঘরে বসেই একটি নমুনা ব্যালট পেপার পূরণ করুন। [আপনার নমুনা ব্যালটের জন্য চেক করুনঃ https://ballotpedia.org/Sample_Ballot_Lookup নোট, ভোটাং রাইটস এক্ট-এর সেকশন ২০৩ আওতায় যে দিকগুলো রয়েছে, সেটি অবশ্যই এর আওতাধীন ভাষাতে অনূদিত নমুনা ব্যালট প্রদান করবে।
- আপনি নিজেই আপনার একটি কালো কালির কলম সাথে আনুন।
- আপনার স্টাইলাস অথবা এমন কোন কিছু নিয়ে আসুন যেন ভোট প্রদানের টাচ-স্ক্রিন মেশিনে ব্যবহার করতে পারেন। তবে ব্যবহারের পূর্বে নির্বাচন কর্মীদের সাথে তা যাচাই করিয়ে নিন।

সুস্থ আচরণের অভ্যেস করুন

- ভোট প্রদান স্থানে প্রবেশের পূর্বে এবং সে স্থান ত্যাগ করার পরে আপনার হাতগুলো ধুয়ে নিন।
- একটু মাস্ক পরিধান করুন।
- যখন আপনি ভোট প্রদান স্থানে থাকবেন, ঘন ঘন এলকোহল-নির্ভর হ্যান্ড স্যানিটাইজার যাতে কমপক্ষে ৬০% এলকোহল রয়েছে, বিশেষভাবে যেসব স্থান স্পর্শ করার পর যেগুলো অনেক মানুষ বার বার স্পর্শ করে থাকে, যেমন দরজার হাতল, কিংবা ভোট দেয়ার মেশিন।
- অন্যদের থেকে কমপক্ষে ৬ ফুট (প্রায় দুই বাহুর দৈর্ঘ্য) দূরত্ব বজায় রাখুন, এমনকি যদি আপনি এবং অন্যান্যরাও মাস্ক পরে থাকেন।
- আপনি নিজে নিজেই ভোটিং মেশিনকে জীবানুমুক্ত বা পরিষ্কার করতে যাবেন না। ইলেক্ট্রনিক ভোটিং মেশিন ক্লিনার ও জীবানুমুক্তকারক ব্যবহারে নষ্ট হয়ে যেতে পারে। আপনি যদি ভোটাং মেশিন স্পর্শ করার আগে স্যানিটাইজার ব্যবহার করে থাকেন, তাহলে নিশ্চিত করুন যে আপনার হাত সম্পূর্ণ শুকিয়ে গেছে যেন যন্ত্রটি নষ্ট করা থেকে রক্ষা করতে পারেন। ভোটিং যন্ত্রপাতি ব্যবহারের পরে আপনার হাত ধুয়ে নিন কিংবা এলকোহল-নির্ভর হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

www.advancingjustice-ajc.org/election2020